

১১৩
৩৩৫
৩৩৫ (Batal)
২/১২/২০২১



বাংলাদেশ টেলিযোগাযোগনিয়ন্ত্রণকমিশন
আইবিবিভবন (৬ষ্ঠ-৮ম তলা), রমনা, ঢাকা-১০০০

নং-১৪.৩২.০০০০.৯০০.৪০.০০১.১৯-১৪৯৬

তারিখঃ ০১/১২/২০২১ খ্রীঃ।

বিষয়ঃ **TVAS** রেজিস্ট্রেশন সার্টিফিকেটের বার্ষিক নিরীক্ষিত রাজস্বের ৫.৫% হারে রেভিনিউ শেয়ারিং এবং ১.০% হারে SOF-এর অর্থ বিটিআরসিতে পরিশোধ প্রসঙ্গে।

সূত্রঃ বিটিআরসির পত্র নং-১৪.৩২.০০০০.৭০২.৫০.০০১.১৯.৪৩৩; তারিখঃ ০১/০৬/২০২১ খ্রীঃ।

উপরোক্ত বিষয়ের প্রতি দৃষ্টি আকর্ষণপূর্বক সূত্রস্থ পত্রের প্রেক্ষিতে নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, TVAS গাইডলাইন অনুযায়ী প্রতি কোয়ার্টার শেষে(কেলেভার মাস অনুযায়ী)পরবর্তী ১০ দিনের মধ্যে রেভিনিউ শেয়ারিং ও মূসক বিটিআরসিতে পরিশোধযোগ্য। উল্লেখ্য, নির্ধারিত সময়ের মধ্যে রাজস্ব পরিশোধে ব্যর্থ হলে বিলম্বে রাজস্ব পরিশোধের জন্য ১৫% হারে বিলম্ব ফি প্রযোজ্য। এতদসংক্রান্ত বিষয়ে বিটিআরসির-২৫৫তম কমিশন সভার সিদ্ধান্ত নং-৪(খ) নিম্নরূপঃ

“TVAS গাইডলাইন অনুযায়ী নির্ধারিত সময়ে রাজস্ব আহরণ নিশ্চিত করতে হবে। এ লক্ষ্যে প্রতি কোয়ার্টার শেষ হওয়ার ০৭(সাত) দিনের মধ্যে TVAS রেজিস্ট্রেশন সার্টিফিকেটধারীদেরকে তাদের প্রাপ্য রাজস্ব পরিশোধের জন্য মোবাইল অপারেটরদের নির্দেশনা প্রদান করতে হবে। উক্ত সময়ের মধ্যে রাজস্ব প্রদানে ব্যর্থ হলে TVAS রেজিস্ট্রেশন সার্টিফিকেটধারীদের উপর বিটিআরসি হতে যে বিলম্ব ফি প্রযোজ্য হবে, তা মোবাইল অপারেটরগণকে প্রদান করতে হবে”।

এমতাবস্থায়, বিটিআরসির-২৫৫তম কমিশন সভার সিদ্ধান্ত নং-৪(খ) অনুযায়ী প্রতি কোয়ার্টার শেষ হওয়ার ০৭(সাত) দিনের মধ্যে TVAS রেজিস্ট্রেশন সার্টিফিকেটধারীদের রেভিনিউ শেয়ারিং-এর অর্থ পরিশোধ করার জন্য সকল মোবাইল অপারেটরকে অনুরোধ করা হলো এবং উক্ত সময়ের মধ্যে রাজস্ব প্রদানে ব্যর্থ হলে TVAS রেজিস্ট্রেশন সার্টিফিকেটধারীদের উপর বিটিআরসি হতে যে বিলম্ব ফি প্রযোজ্য হবে, তা মোবাইল অপারেটরগণকে প্রদান করতে হবে মর্মে নির্দেশনা প্রদান করা হল। সরকারী রাজস্ব আদায়ের স্বার্থে আপনার সহযোগিতা একান্তভাবে কাম্য।

০১/১২/২০২১

মোঃ এয়াকুব আলী ভূঁইয়া
পরিচালক, অর্থ, হিসাব ও রাজস্ব বিভাগ
বিটিআরসি, ফোনঃ ০২-২২৩৩৫১৪২২।

প্রাপক,

- ০১। ব্যবস্থাপনা পরিচালক, টেলিটক বাংলাদেশ লিঃ, বাড়ি # ৩৯, রোড # ১১৬, গুলশান-১, ঢাকা-১০০০, বাংলাদেশ।
- ০২। প্রধান নির্বাহী কর্মকর্তা, গ্রামীণফোন লিঃ, জিপি হাউস বসুন্ধরা, বারিধারা, ঢাকা-১২২৯, বাংলাদেশ।
- ০৩। প্রধান নির্বাহী কর্মকর্তা, রবি আজিয়াটা লিঃ, ৫৩ গুলশান সাউথ এভিনিউ, গুলশান-১, ঢাকা-১২১২, বাংলাদেশ।
- ০৪। প্রধান নির্বাহী কর্মকর্তা, বাংলালিংক ডিজিটাল কমিউনিকেশন্স লিঃ, টাইগারস ডেন, হাউস-৪, গুলশান এভিনিউ গুলশান-১, ঢাকা-১২১২।
- ০৫। বিটিআরসি হতে TVAS Certificate প্রাপ্ত সকল প্রতিষ্ঠান।

অনুলিপিঃ সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে(জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)-

- ০১। পরিচালক, প্রশাসন বিভাগ, বিটিআরসি(পত্রটি বিটিআরসির ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।
- ০২। মাননীয় চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, বিটিআরসি(ইহা মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ০৩। মহা-পরিচালক, এল.এল বিভাগ মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, বিটিআরসি(ইহা মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ০৪। অফিস কপি।